সমকাল

তারিখ: 22 APR 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ...

টিএসসির কার্যক্রম রাত ৮টার পর বন্ধ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের (টিএসসি) সকল সংগঠনকে রাত ৮টার মধ্যে কার্যক্রম শেষ করার নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গত মঙ্গলবার টিএসসির ভারপ্রাপ্ত পরিচালক এ এম মহিউজ্জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশ দেওয়া হয়। পরে নির্দেশের অনুলিপি টিএসসিতে অবস্থিত ১৯টি সামাজিক সাংস্কৃতিক সংগঠনকে পাঠানো হয়।

এতে বলা হয়, এসব সংগঠনের নিরাপত্তার স্বার্থে কার্যক্রম রাত ৮টার মধ্যে বন্ধ করতে হবে। তবে কাজের স্বার্থে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি নিয়ে রাত ১১টা পর্যন্ত করা যাবে।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সভাপতি মো. আবদুল্লাহ বিন মুসী বলেন, বিভিন্ন প্রোগ্রামকে কেন্দ্র করে সপ্তাহব্যাপী প্রস্তুতির ব্যাপার থাকে। সে জন্য টিএসসির অফিস ব্যবহার করতে হয়। সেক্ষেত্রে রাত ৮টায় বন্ধ করে দিলে আমাদের ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

টিএসসির কার্যক্রম

[তৃতীয় পৃষ্ঠার পর]

নানা সমস্যা হবে। রক্তদান কর্মসূচির সংগঠন 'বাঁধন'-এর সভাপতি শহিদুল ইসলাম সনেট বলেন, আমাদের কাছে অনেক রাত পর্যন্ত লোকজন আসে। সে ক্ষেত্রে এ সিদ্ধান্তের কারণে কার্যক্রমে অসুবিধা হবে। টিএসসির পরিচালক মহিউজ্জামান বলেন, টিএসসিতে বহিরাগতদের আগমনে শৃঙ্খলা ভঙ্গ হয়েছে। তাই বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তার স্বার্থে এবং শিক্ষার্থীদের কথা ভেবেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান বলেন, টিএসসির সকল সংগঠনের শৃঙ্খলা বজায় রাখার জন্য এ নির্দেশ দেওয়া হয়েছে।

মাসলেহউদ্দিন
পরিচালক ... কার্যালয়
প্রাপ্তি নং .....